

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩ নং শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগী  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং- ৩৩.০২.০০০০.১১৭.৩৭.০০৩.১৬.৫২২(৫)

তারিখ: ৭/০৮/২০১৬ খ্রি:।

১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুন বাগিচা, ঢাকা।
২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, .....
৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....

বিষয়: ২০১৬-২০১৭ আর্থিক সালে অনুন্নয়ন “৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

চলতি ২০১৬-২০১৭ অর্থ বৎসরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার পত্র নং-৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৬-১৯৪, তারিখঃ ০১/০৮/২০১৬ (মঞ্জুরী নং-৩৯) মোতাবেক অনুন্নয়ন “৩-৪৪৩৫-০০০০-৪৮৬৩-মৎস্য ও মৎস্যজাত দ্রব্য” খাতে বরাদ্দকৃত অর্থ হতে অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে নিম্নবর্ণিত দপ্তর এর অনুকূলে ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা মাত্র বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য,

১. বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-মপ্রাম/ম-৩(পোনা অবমুক্তি)-০৫/২০১০/২১৪ তারিখ: ১২/০২/২০১৩ খ্রি: অনুযায়ী জারীকৃত পোনামাছ অবমুক্তি কার্যক্রমের অনুমোদিত নির্দেশাবলী-২০১২ মোতাবেক কার্যক্রম গ্রহণসহ পিপিআর, ২০০৮ অনুসরণে পোনামাছের ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
৩. স্থানীয় মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি এবং পোনা অবমুক্তি কমিটির সদস্যদের উপস্থিতিতে পোনা মাছ অবমুক্তি করতে হবে। পোনা অবমুক্তি কার্যক্রমের স্থির চিত্র ধারণপূর্বক সংরক্ষণ করতে হবে।
৪. বরাদ্দকৃত অর্থ যথাযথ ব্যবহারের পর পোনামাছ অবমুক্তির বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক খরচের হিসাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে সচিত্র প্রতিবেদনসহ প্রেরণ করতে হবে।
৫. ব্যক্তি মালিকানাধীন কোন জলমহাল/জলাশয়ে পোনামাছ অবমুক্তি করা যাবে না।
৬. উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল জলমহাল/জলাশয়ে ইতোমধ্যে পোনামাছ অবমুক্তি করা হয়েছে কিংবা চলতি অর্থ বছর পোনামাছ অবমুক্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে এমন জলাশয়ে পোনামাছ অবমুক্তি করা যাবে না।
৭. পোনামাছ অবমুক্তির জন্য নির্বাচিত জলাশয়ে মাছের সম্ভাব্য মজুদ/উৎপাদন এ তথ্য সংরক্ষণের ব্যবস্থা করতে হবে যাতে পোনামাছ অবমুক্তির পর সংশ্লিষ্ট জলাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির পরিমাণ নিরূপণ করা যায়।
৮. বরাদ্দকৃত অর্থ হতে পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা সর্বোচ্চ ৩,০০০/- (তিন হাজার) টাকা ব্যয় করতে পারবেন।
৯. রুই, কাতল, মুগেল, কালিবাউস ও ঘনিয়া মাছের পোনা অবমুক্তি করতে হবে। ১০-১৫ সেঃ মিঃ আকারের রুই, কাতল, মুগেল, কালিবাউস, ঘনিয়ার সুস্থ-সবল পোনা অবমুক্তি করতে হবে।
১০. পোনা ওজনে (কেজিতে) ক্রয় করতে হবে।
১১. দরপত্রে পোনা ক্রয়ের জন্য কেজি প্রতি দর উল্লেখ করতে হবে।
১২. পোনামাছ অবমুক্তি যথাযথ সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।
১৩. অব্যয়িত অর্থ ২০ সেপ্টেম্বর-২০১৬ খ্রি: তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

| ক্র: নং | উত্তোলন ও বন্টনকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা | বরাদ্দের পরিমাণ | মন্তব্য   |
|---------|--|-----------------|---|
| ১.      | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজাবালী, পটুয়াখালী   | ১২৫০০০.০০       | পোনা মাছ অবমুক্তি কার্যক্রম এর ব্যয় নির্বাহের জন্য |
|         | সর্বমোট  | ১২৫০০০.০০       |   |

কথায়ঃ এক লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র।

(সৈয়দ আরিফ হাফিজ)

মহাপরিচালক (স্বত্তিঃ দায়িত্ব)

ফোনঃ ০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ dg@fisheries.gov.bd

তারিখ: ৭/০৮/২০১৬ খ্রি:।

পত্র নং- ৩৩.০২.০০০০.১১৭.৩৭.০০৩.১৬.৫২২(৫)/২(২০)

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।  
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
২. উপ পরিচালক (মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. উপ পরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী।
৫. সিস্টেম এনালিস্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা। মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য।
৬. উপজেলা মৎস্য কর্মকর্তা, গলাচিপা, পটুয়াখালী।

মহাপরিচালকের পক্ষে

(সরকার মুহাম্মদ রফিকুল আলম)

সহকারী পরিচালক (অর্থ)

ফোনঃ ০২-৯৫৫৪৯৯২

ই-মেইলঃ adfinance@fisheries.gov.bd

sarkeripon@gmail.com.